

১৯/০২/২০২৪
১৯/০২/২০২৪
১৯/০২/২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সেবা শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd

১৯/০২

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬২.৪৬.০০১.২৪-৬৩

তারিখ: ১২ ফাল্গুন ১৪৩০
২৫ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়: জাতীয় শিক্ষা সপ্তাহ- ২০২৪ উদ্বোধন উপলক্ষে প্রতিযোগিতার সময়সূচি।

- সূত্র: (১) স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬২.৪৬.০০১.২৪-৬৩; তারিখ: ১৯/০২/২০২৪ খ্রি.
(২) স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬২.৪৬.০০১.২৪-৬৪; তারিখ: ১৯/০২/২০২৪ খ্রি.

উর্পযুক্ত বিষয় ও সূত্রসমূহের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষা সপ্তাহ- ২০২৪ উদ্বোধনের লক্ষ্যে প্রতিযোগিতার সময়সূচি নিম্নরূপভাবে নির্ধারণ করা হয়েছে।

ক্র. নং	পর্যায়	সম্ভাব্য প্রতিযোগিতার সময়সূচি
১	শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়	২১/০৩/২০২৪ থেকে ২২/০৩/২০২৪
২	উপজেলা ঢাকা/মহানগরীসহ ২৫ টি থানা পর্যায়	২২/০৪/২০২৪ থেকে ২৩/০৪/২০২৪
৩	জেলা পর্যায়	২৮/০৪/২০২৪ থেকে ২৯/০৪/২০২৪
৪	বিভাগ ও ঢাকা মহানগর পর্যায়	০৬/০৫/২০২৪ থেকে ০৭/০৫/২০২৪
৫	জাতীয় পর্যায়	১৪/০৫/২০২৪ থেকে ১৫/০৫/২০২৪

০২। বর্নিত সময়সূচি অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মো. মনিরুল ইসলাম মিলন
সহকারী সচিব
ফোন: ২২০৮৪৫৮২

বিতরণ (কোষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার (সকল)।
- ৪। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
- ৫। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৬। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৭। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৮। যুগ্মসচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। জেলা প্রশাসক (সকল)।
- ১১। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল)।
- ১২। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সেবা শাখা
www.shed.gov.bd

জাতীয় শিক্ষা সপ্তাহ উদযাপন নীতিমালা
(সংশোধিত ২০২৪)

দেশের প্রতিটি মাধ্যমিক স্কুল, কলেজ, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ও মাদ্রাসার শ্রেষ্ঠ শিক্ষার্থী, শ্রেষ্ঠ শ্রেণি-শিক্ষক, শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধানগণের স্ব স্ব ক্ষেত্রে অবদানের স্বীকৃতি প্রদানের মাধ্যমে শিক্ষার্থী ও শিক্ষকদের মধ্যে সাংস্কৃতিক ও শিক্ষার চেতনা বৃদ্ধির লক্ষ্যে সরকার প্রতিবছর জাতীয় শিক্ষা সপ্তাহ কর্মসূচি গ্রহণ করে আসছে। উক্ত কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হলো:

- ২.০ এ নীতিমালা “জাতীয় শিক্ষা সপ্তাহ উদযাপন নীতিমালা (সংশোধিত ২০২৪)” নামে অভিহিত হবে।
- ৩.০ **অধিক্ষেত্র:** শিক্ষা মন্ত্রণালয়ের অধিক্ষেত্রভুক্ত মাধ্যমিক স্কুল, কলেজ, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ও মাদ্রাসায় জাতীয় সহপাঠ্যক্রম ও সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। অনুচ্ছেদ ৪.০ এ বর্ণিত ইভেন্টে প্রতিটি ক্ষেত্রে যোগ্য, মেধাবী ও শিক্ষা ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রেখেছে এমন প্রতিষ্ঠান, প্রতিষ্ঠান প্রধান ও শ্রেণি শিক্ষক এবং শিক্ষার্থীগণ-কে নির্বাচনের মাধ্যমে পুরস্কার প্রদান করা হবে।
- ৪.০ অনুচ্ছেদ ৩.০ তে বর্ণিত প্রতিষ্ঠান, ৪.১ এ বর্ণিত ইভেন্টসমূহে শিক্ষার্থী/দল নির্বাচন করে উপজেলায় প্রেরণ করবে। উপজেলা পর্যায়ের বিজয়ীরা জেলায়, জেলা পর্যায়ের বিজয়ীরা অঞ্চলে এবং অঞ্চল পর্যায়ের বিজয়ীরা জাতীয় পর্যায়ে অংশগ্রহণ করবেন। এই নির্বাচন প্রক্রিয়ায় সংশ্লিষ্ট বিষয়ের পারদর্শী বা বিশেষজ্ঞগণের সমন্বয়ে গঠিত বিচারকবৃন্দের মাধ্যমে বিচার প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
- ৪.১ ইভেন্টসমূহ:
 - ৪.১.১ কেরাত
 - ৪.১.২ হামদ/নাত
 - ৪.১.৩ বাংলা রচনা প্রতিযোগিতা [বিষয়: অনির্ধারিত (বিচারক তাৎক্ষণিক নির্ধারণ করবেন) সময়-৩০ মিনিট]
 - ৪.১.৪.১ ইংরেজি রচনা প্রতিযোগিতা [(৬ষ্ঠ থেকে ৮ম এবং ৯ম থেকে ১০ম শ্রেণি) (বিষয়: অনির্ধারিত, বিচারক তাৎক্ষণিক নির্ধারণ করবেন) সময়-৩০ মিনিট]
 - ৪.১.৪.২ ইংরেজি বক্তব্য প্রতিযোগিতা (১১শ থেকে ১২শ এবং ১৩শ থেকে ১৭শ শ্রেণি)
 - ৪.১.৫ বাংলা কবিতা আবৃত্তি (স্বরচিত/নির্বাচিত)
 - ৪.১.৬ বিতর্ক প্রতিযোগিতা (একক)
 - ৪.১.৭ দেশাত্মবোধক গান
 - ৪.১.৮ রবীন্দ্রসংগীত
 - ৪.১.৯ নজরুলসংগীত
 - ৪.১.১০ উচ্চাঙ্গসংগীত
 - ৪.১.১১ লোকসংগীত (ভাওয়াইয়া, ভাটিয়ালী, পল্লীগীতি, লালনগীতি)
 - ৪.১.১২ জারীগান (দলভিত্তিক)
 - ৪.১.১৩ নির্ধারিত বক্তৃতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মুক্তিযুদ্ধ
 - ৪.১.১৪ নৃত্য (উচ্চাঙ্গ)
 - ৪.১.১৫ লোক নৃত্য।
 - ৪.১.১৬ তাৎক্ষণিক অভিনয়